গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
www.fulbari.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.১৬.০০৩.২০২৫- ১৪৮৪ তারিখ : ২০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের দিনাজপুর ডিভিশনের আওতাধীন দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলায় অধিগ্রহণকৃত ১১.৬৯ একর জমি হস্তান্তর প্রসংগে।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর ১৯/১০/২০২৫ খ্রি. তারিখের ০৫.৫৫.২৭০০.০১৪.০৪. (৩৮/দুই/৭৯-৮০).২৫-৩৪৩ নং স্মারকপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, দিনাজপুর ডিভিশনের আওতাধীন দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলায় কানাহার ও গৌরীপাড়া মৌজায় অধিগ্রহণকৃত ১১.৬৯ একর জমি যা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে রক্ষণাবেক্ষণের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর বরাবর গত ১৩/০৭/১৯৮৫ খ্রি. তারিখে হস্তান্তর করা হয়। উক্ত জমি নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর এর অনুকূলে হস্তান্তর করা হলো।

সংযুক্তিঃ দখল হস্তান্তর ও গ্রহণের প্রত্যয়ন পত্র ০১(এক) পাতা।

০৫/১১/২০২৫
(মোঃ ইসাহাক আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
☎: ০২৫৮৮৮৭৮৪২৪
fulbariuno@gmail.com

নির্বাহী প্রকৌশলী
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
দিনাজপুর ডিভিশন, দিনাজপুর।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে

০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
০২। অফিস কপি।

দখল হস্তান্তর ও গ্রহণের প্রত্যয়নপত্র

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, দিনাজপুর ডিভিশনের আওতাধীন দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলায় কানাহার ও গৌরীপাড়া মৌজায় অধিগ্রহণকৃত ১১.৬৯ একর জমি যা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে রক্ষণাবেক্ষণের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর এর নিকট গত ১৩/০৭/১৯৮৫ খ্রি. তারিখে হস্তান্তর করা হয়। উক্ত হস্তান্তরিত জমি জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের গত ১৯/১০/২০২৫ খ্রি. তারিখের ০৫.৫৫.২৭০০.০১৪. ০৪.(৩৮/দুই/৭৯-৮০).২৫-৩৪৩ নং স্মারক পত্রের নির্দেশনার প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুকূলে প্রশাসক, ফুলবাড়ী উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর কর্তৃক অদ্য ০৫/১১/২০২৫ খ্রি. তারিখে হস্তান্তর ও নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর কর্তৃক গ্রহণ করা হলো।

জমির তফসিল

(১) মৌজা-কানাহার, জে.এল নং-৫২ এবং (২) মৌজা-গৌরীপাড়া, জে.এল নং-৫১;
উপজেলা-ফুলবাড়ী, জেলা দিনাজপুর।

সি.এস রেকর্ডীয় জমির প্লট নং

১.(এ) কানাহার মৌজার ১৮২, ১৮৩, ১৯০, ১৯১, ১৯২, ১৯৩, ১৯৫, ১৯৬, ১৯৭, ১৯৮, ২০০, ২০১ এবং ৩১৬ নং দাগের সম্পূর্ণ এবং ১৬৩, ১৬৪, ১৮০, ১৮১, ১৮৪, ১৮৭, ১৮৮, ১৮৯ এবং ১৯৯ নং দাগের আংশিক যার আয়তন ১০.৭৬ একর।

(বি) গৌরিপাড়া মৌজার ২৪০ এবং ২৪১ নং দাগের সম্পূর্ণ এবং ২৩৯ নং দাগের আংশিক যার আয়তন ০.৯৩ একর।

মোট জমির পরিমাণ (এ+বি) = (১০.৭৬ একর + ০.৯৩ একর) = ১১.৬৯ একর।

দখল হস্তান্তরকারী কর্মকর্তা

০৫/১১/২০২৫

(মোঃ ইসহাক আলী)
প্রশাসক
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।

দখল গ্রহণকারী কর্মকর্তা

(বাদল কুমার মন্ডল)
নির্বাহী প্রকৌশলী
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
দিনাজপুর ডিভিশন, দিনাজপুর।